

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নয়ন প্রকল্প</p> <p>কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি</p> <p>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		

বন্যার কারণে বরিশাল, ভোলা, বরগুনা, ঝালকাঠি, পটুয়াখালী, খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা জেলার নিম্নাঞ্চলের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ।

প্রকাশের তারিখ: ২৩/০৮/২০২০

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর উপকূলীয় বন্যা সম্পর্কিত বিশেষ প্রতিবেদন (২২ আগস্ট, ২০২০ তারিখের প্রতিবেদন) অনুযায়ী মাঝারী থেকে ভারী (৪৪-৮৮ মি.মি.) ও কতিপয় স্থানে অতি ভারী (>১০০ মি.মি.) বৃষ্টিপাত এবং কীর্তনখোলা, তেঁতুলিয়া, পায়রা, বিষখালী, বলেশ্বর, বুড়িশ্বর, নয়ানভাঙ্গানি ও মেঘনা নদীর পানি সমতল বৃদ্ধির ফলে বরিশাল, ভোলা, বরগুনা, ঝালকাঠি, পটুয়াখালী, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা জেলার নিম্নাঞ্চলে স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এই পরিস্থিতিতে উপরোক্ত জেলাগুলোর নিম্নাঞ্চলের জন্য নিম্নলিখিত বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হলো:

- বন্যাপ্রবণ এলাকার জন্য উপযোগী জাত যেমন- ব্রি ধান৫১, ব্রি ধান৫২, বিনাধান-১১, বিনাধান-১২ প্রভৃতি এবং বন্যা-পরবর্তী নাবিতে চাষযোগ্য জাত যেমন বিআর২২, বিআর২৩, ব্রি ধান৩৪, ব্রি ধান৪৬, ব্রি ধান৫৪, বিনাশাইল, নাইজারশাইল, গাইঞ্জা, মালশিরাসহ এলাকাভিত্তিক স্থানীয় জাতের বীজ সংগ্রহ করুন।
- বন্যার কারণে বীজতলা পুরোপুরি নষ্ট হয়ে গেলে রোপা আমনের স্বল্পমেয়াদী জাতের বীজ সংগ্রহ করুন। ভাসমান বীজতলা অথবা ট্রেতে চারা উত্তোলন করা যেতে পারে।
- সেচ, সার ও বালাইনাশক প্রদান এবং চারা রোপণ থেকে বিরত থাকুন।
- পরিপক্ক সবজি ও উদ্যানতাত্ত্বিক ফসল সংগ্রহ করে বাজারজাত করুন।
- মাষকলাই ও শীতকালীন সবজির বীজ সংগ্রহ করুন।
- উঁচু স্থানে ছাউনি দিয়ে অথবা পলিথিন ব্যাগে শীতকালীন সবজির চারা তৈরি করা যেতে পারে।
- জলাবদ্ধতা পরিহারের জন্য আমন বীজতলার চারপাশে নিষ্কাশন নালা তৈরি করুন।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা রাখুন।
- সকল খামারজাত পণ্য শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।
- দণ্ডায়মান ফসলকে ভারী বৃষ্টির ক্ষতি থেকে রক্ষার জন্য জমির আইল উঁচু করে দিন।
- কলাসহ অন্যান্য ফলের ছোট গাছ ও সবজিতে খুঁটির ব্যবস্থা করুন, আখের ঝাড় বেঁধে দিন।
- গবাদি পশুর বিশেষ যত্ন নিন। উঁচু জায়গায় স্থানান্তর করুন। পরিষ্কার খাবার খেতে দিন। গবাদি পশু যেন কোন বিষাক্ত আগাছা খেয়ে না ফেলে সেদিকে লক্ষ্য রাখতে হবে। রোগের লক্ষণ দেখা দিলে পশু চিকিৎসকের পরামর্শ নিন।
- গোয়াল ঘরে যেন পানি জমে থাকতে না পারে সেজন্য বাইরে ও ভেতরে পানি নিষ্কাশনের ব্যবস্থা রাখুন। মেঝে শুকনো রাখুন। পরিষ্কার পানি পান করান।
- পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন বন্যার পানিতে মাছ ভেসে না যায়।
- জরুরি খাদ্য ও অন্যান্য সামগ্রী নীচু এলাকা থেকে উঁচু এলাকায় স্থানান্তরের জন্য নৌকার ব্যবস্থা রাখুন।